

## পাসপোর্ট অফিসে দুদকের অভিযান

(অভিযানের তারিখ: ২৯ জুলাই, ২০১৮ খ্রিঃ)



পাসপোর্ট অফিসের কর্মচারী কর্তৃক হয়রানি ও ভোগান্তির অভিযোগ দুদক হটলাইন (১০৬)-এ আসলে আজ (২৯/০৭/২০১৮ ইং) কেরানীগঞ্জের আঞ্চলিক পাসপোর্ট কার্যালয়ে আকস্মিক অভিযান চালিয়েছে দুদক। সহকারীপরিচালক মোয়াজ্জেম হোসেনের নেতৃত্বে পুলিশসহ ৯ সদস্যের একটি টিম এ অভিযানে অংশ নেয়। বেলা ১১টা থেকে ২ টা পর্যন্ত প্রায় ৩ ঘণ্টা এ অভিযান চলে। দুদক টিম পাসপোর্ট অফিসে গিয়ে সেবা প্রার্থীদের দীর্ঘ লাইনের অস্তিত্ব পায়। এ ভোগান্তির অভিযোগের বিষয়ে উক্ত কার্যালয়ের উপপরিচালক এর সাথে কথা বললে তিনি জানান, "বিদ্যুৎ না থাকায় গ্রাহকসেবা প্রদানে সাময়িক বিলম্ব হয়েছে।"

দুদক টিম এরূপ ঘটনার পুনরাবৃত্তি রোধে পর্যাপ্ত ব্যাকআপ সম্বলিত জেনারেটর ব্যবহারের পরামর্শ দেন। সেবাপ্রত্যাশীদের মধ্যে ঘৃষ-দুর্নীতিবিরোধী সচেতনতার জন্য দুদক টিম দুর্নীতিবিরোধী পোস্টার ও লিফলেট বিতরণ করে এবং মাইকিংকরে দুর্নীতিসংক্রান্ত যে কোন অভিযোগ দুদক হটলাইনে (১০৬) জানানোর জন্য বলা হয়। এছাড়াও দুদক টিম পাসপোর্ট সেবাগ্রহণে কোনো দালালের শরণাপন্ন না হওয়ার জন্য উপস্থিত জনসাধারণকে অনুরোধ জানান। উপস্থিত জনসাধারণ এ অভিযানকে স্বাগত জানান।

এ অভিযান পরিচালনা প্রসঙ্গে এনফোর্সমেন্ট অভিযানের সমন্বয়কারী দুদকের মহাপরিচালক (প্রশাসন) মোহাম্মাদ মুনীর চৌধুরী জানান, "দুদক দুর্নীতি নির্মূলের পাশাপাশি সরকারি প্রতিষ্ঠানগুলোর গভর্ন্যান্স উন্নত করতে চায়। এ ধরনের অভিযান অব্যাহত রাখা হবে।"